

যুগ্মাত্মক

জাবিতে ছাত্রলীগ নেতাকে জুনিয়রদের মারধর

দুই হলে উত্তেজনা

প্রকাশ : ০৭ অক্টোবর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 জাবি প্রতিনিধি

পূর্বশত্রুর জের ধরে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের এক সিনিয়র নেতাকে মারধর করেছে সংগঠনটির জুনিয়র কর্মীরা। শুক্রবার রাত ৯টায় বিশ্ববিদ্যালয়ের বটতলায় এ ঘটনা ঘটে। এরপর থেকে গভীর রাত পর্যন্ত বটতলা এলাকায় উত্তেজনা বিরাজমান ছিল। পরে রাত সাড়ে ১২টার দিকে শাখা ছাত্রলীগের শীর্ষ নেতাদের ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের মধ্যস্থতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। মারধরের শিকার নীলাদ্রী শেখের মজুমদার শাখা ছাত্রলীগের গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক। তিনি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের ৪২ ব্যাচের ও শহীদ সালাম বরকত হলের আবাসিক ছাত্র। তিনি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক গ্রন্থের রাজনীতি করেন। নীলাদ্রীকে মারধর করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের কয়েকজন জুনিয়র ছাত্রলীগ কর্মী। মারধরে জড়িত ৪৪ ব্যাচের কাজল হাসান (ইংরেজি), আশিক (চারুকলা) ও সজিবের নাম জানা গেছে। তাদের সঙ্গে ওই হলের আবও অন্তত ১০-১২ জুনিয়র কর্মী সম্পৃক্ত ছিল বলেও জানা গেছে। এরা সবাই শাখা ছাত্রলীগের সভাপতি গ্রন্থের রাজনীতি করে। এ ঘটনার পর শহীদ সালাম বরকত হল ছাত্রলীগের শতাধিক নেতাকর্মী বঙ্গবন্ধু হলের মারধরে দোষীদের মারতে বটতলায় এগিয়ে আসে। অপরদিকে বঙ্গবন্ধু হলের ছাত্রলীগ নেতারা তাদের প্রতিহত করার জন্য দেশীয় আন্তর্জাতিক প্রস্তুতি নেয়। এতে বটতলা এলাকা ও বঙ্গবন্ধু হলে চরম উত্তেজনা ছড়িয়ে পড়ে।

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।